

তারিখ: ০৮/০৭/২০২৬

বরাবর

মাননীয় প্রতিমন্ত্রী
রেলপথ মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দপ্তর
রেল ভবন
ঢাকা

o/e

**বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও আখাউড়া রেল স্টেশনে প্রতিবন্ধীদের জন্য হইল
চেয়ারের এক্সেস (Ramp) প্রদান এবং মহিলাদের জন্য পৃথক অপেক্ষমান কক্ষ স্থাপন সংক্রান্ত ব্যবস্থা
গ্রহন**

আসসালামু আলাইকুম।


শ্রদ্ধাভাজনেষু।

আপনি অবগত আছেন যে, ব্রাহ্মণবাড়িয়া জেলা দেশের অন্যতম সীমান্তবর্তী জেলা। প্রাচীন ত্রিপুরার অংশ হিসেবে এর রয়েছে গৌরবময় ঐতিহ্য।

উল্লেখ করা প্রয়োজন যে, এ জেলার অন্তর্গত আখাউড়া রেল স্টেশন উপমহাদেশের অন্যতম প্রাচীন রেল জংশন। তাছাড়া স্ব স্ব গুরুত্ব বিবেচনায় ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও আখাউড়া এ অঞ্চলের প্রধান রেল স্টেশন। প্রতিদিন অসংখ্য যাত্রী এ তিন রেল স্টেশন দিয়ে উঠা-নামা করে থাকে। যাত্রীদের মধ্যে প্রতিবন্ধী, মহিলা ও দুগ্ধ পোষ্য সন্তানসহ মহিলাদের সংখ্যাও বেশ উল্লেখযোগ্য।

উল্লেখ্য, জাতিসংঘের সাধারণ পরিষদে অনুমোদিত The UN Declaration on the Rights of Disabled Persons -এ বাংলাদেশ অন্যতম Signatory. পাশাপাশি The Convention on the Elimination of All Forms of Discrimination Against Women (CEDAW) -এর সকল ঘোষণা বাস্তবায়নে সরকার অঙ্গীকার বদ্ধ।

প্রসঙ্গত: উল্লেখ্য, ব্রাহ্মণবাড়িয়া জেলার উল্লিখিত তিনটি রেল স্টেশনে প্রতিদিন অনেক Disabled Person এবং মহিলা উঠা-নামা করে থাকে। অনেক মহিলার সাথে দুগ্ধ পোষ্য শিশু সন্তানও থাকে। পরিতাপের বিষয় এই যে, এই তিনটি রেল স্টেশনে Disabled Person দের সহজে উঠা-নামা করার জন্য কোন হইল চেয়ার এক্সেসের (Ramp) সুবিধা রাখা হয়নি; মহিলাদের জন্য পৃথক কোন অপেক্ষমান কক্ষ রাখা হয়নি। ফলে Disabled Person গণ, মহিলাবৃন্দ ও দুগ্ধ পোষ্য সন্তানসহ মহিলাগণ প্রতিনিয়ত নানা ভাবে দুর্দশা, কষ্ট ও বিডমনার শিকার হচ্ছেন।



উক্ত তিনটি রেল স্টেশনে Disabled Person দের সহজে উঠা-নামা করার জন্য হইল চেয়ার এক্সেসের (Ramp) সুবিধা রাখা হলে তারা বেশ উপকৃত হবে। পাশাপাশি মহিলাদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেটসহ পৃথক অপেক্ষমান কক্ষের ব্যবস্থা রাখা যেখানে মায়েরা তাদের সহগামী দুগ্ধ পোষ্য শিশুদেরকে বুকের দুধ সেবন করতে পারে ও নির্বিঘ্নে অপেক্ষা করতে পারে।

উল্লেখ্য, শিশু, মহিলা ও প্রতিবন্ধীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণে সরকার বন্ধ পরিকর।

বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া, কসবা ও আখাউড়া রেল স্টেশনে Disabled Person দের সহজে উঠা-নামা করার জন্য হইল চেয়ার এক্সেসের (Ramp) সুবিধা রাখা এবং মহিলাদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেটসহ পৃথক অপেক্ষমান কক্ষের ব্যবস্থা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আপনার ব্যক্তিগত সক্রিয় উদ্যোগ কামনা করছি।

দেশের সার্বিক উন্নয়নে মহান আল্লাহ তায়ালা আমাদের সকলের সহায় হোন।

পরিশেষে আপনার সুস্বাস্থ্য ও সর্বাঙ্গীন মঞ্জল কামনা করছি।

শ্রদ্ধান্তে

এলাকাসীরা পক্ষে



কবীর আহমেদ ভূঞা

বিএনপি কর্তৃক প্রাথমিক মনোনয়নপ্রাপ্ত এমপি প্রার্থী, ২০২৬;

ব্রাহ্মণবাড়িয়া-৪; (কসবা-আখাউড়া);

সদস্য, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), ব্রাহ্মণবাড়িয়া জেলা কমিটি;

চেয়ারম্যান, ভূঞা গ্লোবাল ফাউন্ডেশন;

ফোন: +৮৮০ ১৭১৪ ১৭ ৪৬ ৫০ (বাংলাদেশ), +৪৪ ৭৪০৪ ৬১ ৬৮ ২৭ (যুক্তরাজ্য)

ই-মেইল: ceo.bhuiyan@gmail.com

গ্রাম: বরিশল, ডাকঘর: আখাউড়া, উপজেলা: আখাউড়া, জেলা: ব্রাহ্মণবাড়িয়া

অনুলিপি:

০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া

০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কসবা/আখাউড়া

০৩। অফিস কপি